



রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)

জরুরী নিয়োগ বিজ্ঞপ্তি

রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক) একটি জাতীয় পর্যায়ে বেসরকারী উন্নয়ন সংস্থা। সংস্থা ঋণ কর্মসূচীতে কাজ করার জন্য দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে সম্প্রতি একটি উদ্যোগ গ্রহণ করেছে। তারই ধারাবাহিকতায় সংস্থা তার বিভিন্ন কর্ম এলাকায় (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, রংপুর, খুলনা ও বরিশাল বিভাগের বিভিন্ন জেলায়) চলমান ঋণ কর্মসূচীতে **ক্রেডিট অফিসার** পদে কাজে দক্ষতা অর্জনের নিমিত্তে ০৩ (তিন) মাস ব্যাপী প্রশিক্ষণের জন্য আগ্রহী যোগ্য প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে :

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বেতন-ভাতা
ক্রেডিট অফিসার (প্রশিক্ষার্থী) (পদ সংখ্যাঃ ১০০টি)	বানিজ্যে স্নাতক পাশ। স্নাতকোত্তর পাস অগ্রাধিকার দেয়া হবে। কম্পিউটারে এম.এস ওয়ার্ড এবং এম.এস.এক্সেল প্রোগ্রাম চালনায় দক্ষতা থাকতে হবে।	প্রশিক্ষনকালীন সময়ে সর্বসাকুল্যে ৪৫০০/- (চার হাজার পাঁচশত টাকা) ভাতা প্রদান করা হবে। প্রশিক্ষণ শেষে নিয়োগ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে নিয়োগ প্রাপ্তির পরে বাড়ি ভাড়া, চিকিৎসা ভাতা, যাতায়াত এবং অন্যান্য ভাতাসহ মোট মাসিক বেতন অঞ্চল ভেদে সর্বনিম্ন ১৭,১০০/- টাকা হতে সর্বোচ্চ ২০,৫০০/- টাকা বেতন প্রদান করা হবে।

শর্তাবলী :

- আবেদনকারীকে বাই সাইকেল চালনায় পারদর্শী হতে হবে। বাংলাদেশের যে কোনো স্থানে মাঠ পর্যায়ে সংস্থার কর্ম এলাকায় কাজ করার মানসিকতা থাকতে হবে।
- আবেদনকারীর বয়স ৩০/১১/২০১৮ইং তারিখে সর্বোচ্চ ২৫ বছর হতে হবে।
- আবেদনকারীর আবেদন বিশ্লেষণ এবং সাক্ষাৎকারের ভিত্তিতে প্রশিক্ষার্থী হিসাবে নির্বাচনের সকল ক্ষমতা সংস্থা সংরক্ষণ করবে।
- প্রশিক্ষনকালীন সময় হবে সর্বোচ্চ ০৩ (তিন) মাস। প্রশিক্ষণের জন্য নির্বাচিত প্রার্থীদের একাডেমিক সার্টিফিকেট সমূহের মূলকপি সংস্থার কেন্দ্রীয় কার্যালয়ে জমা রাখতে হবে। তিন মাস পরে চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করে সফলতার সাথে উত্তীর্ণ হলে প্রশিক্ষার্থীকে উপরোল্লিখিত অঞ্চল ভেদে পূর্ণ বেতনে নিয়োগ প্রদান করা হবে।
- নিয়োগ প্রদানের তিন মাস পরে মূল্যায়নের মাধ্যমে নিয়মিত করণ করা হবে। তখন থেকে সংস্থা কর্তৃক স্টাফদের জন্য প্রদত্ত আর্থিক ও অ-আর্থিক সকল সুযোগ সুবিধা (যেমন- পি.এফ, গ্র্যাচুইটি, উৎসব ভাতা, বৈশাখী ভাতা, মোবাইল ভাতা ইত্যাদি) প্রদান করা হবে।
- প্রশিক্ষার্থীর চূড়ান্ত নিয়োগের পর কমপক্ষে ০১ বছর সংস্থায় কাজ করতে হবে।

শুধুমাত্র আগ্রহী যোগ্য প্রার্থীদেরকে আগামী ১৩/১২/২০১৮ খ্রীষ্টাব্দ তারিখের মধ্যে পরিচালক, রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক) বরাবর দরখাস্ত (যোগাযোগের জন্য সক্রিয় মোবাইল নম্বরসহ পূর্ণ জীবনবৃত্তান্ত, সকল শিক্ষাগত যোগ্যতা সনদের সত্যায়িত ফটোকপি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি ও ৩ কপি পাসপোর্ট সাইজের পরিচ্ছন্ন ছবি সংযুক্ত করে) সংস্থার “মানব সম্পদ বিভাগ, রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক), বাড়ী-২০, সড়ক-১১ (নতুন), ৩২ (পুরাতন), ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯”-এ ঠিকানায় প্রেরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদের নির্বাচনী পরীক্ষার জন্য ডাকা হবে। **খামের উপর ক্রেডিট অফিসার (প্রশিক্ষার্থী) লিখতে হবে।**